গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর দ্বিতীয় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	জনাব মোঃ নুরুন্নবী মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।
সভার তারিখ	২৯নভেম্বর ২০২০
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। ২য় কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা ছিল কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, ক্রয় পরিকল্পনা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, অফিস পরিদর্শন ইত্যাদি। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	মন্ত্রিপরিষদ বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪১ নং স্মারকে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ০৫ অক্টোবর ২০২০ তারিখের ২৮.০০.০০০০.০২২.০৫.০১৪.১৭.৮৭ নং স্মারকে জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কোন যৌক্তিক কারণে সংশোধনের প্রয়োজন হলে স্ব স্ব দপ্তরের নৈতিকতা কমিটির অনুমোদনক্রমে সংশোধন করে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। ১১ অক্টোবর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০২২.১৬.১৪০ নং স্মারকে এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ১১ অক্টোবর ২০২০ তারিখের ২৮.০০.০০০০.০২২.০৫.০১৪.১৭.৯৪ নং স্মারকে আরও জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৬.১ ক্রমিকের প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের পরিবর্তে ৬.১ প্রকল্পের ক্রয় পরিকল্পনা অনুমোদন/বিভাগে চলমান প্রকল্প উন্নয়ন কার্যক্রম পযালোচনা হিসাবে প্রতিস্থাপিত হবে এবং ৮.১ ক্রমিকের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়নের পরিবর্তে ৮.১স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন হিসাবে প্রতিস্থাপিত হবে। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী নৈতিকতা কমিটিকে সংশোধিত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ প্রনয়নের নির্দেশনা প্রদান করেন।	বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ সংশোধন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ২.৪ ক্রমিকের আওতায় কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল বলে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। এর অংশ হিসেবে ইতোমধ্যে নভেম্বর ২০২০ মাসে সুশাসনের উপর প্রশিক্ষণের আয়োজন করা হয়।	নির্ধারিত তারিখে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণ সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.৩	সভাপতি স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি বিএমডির ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে জানতে চাইলে আইসিটি কর্মকর্তা জনাব এস.এম আশরাফুল আবেদীন আশা, সহকারী পরিচালক (সংযুক্ত) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০.১২.২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ, শুদ্ধাচার সেবা বক্স হালনাগাদকরণ, তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ করতে হবে। সভাপতি ওয়েবসাইটের সকল সেবা বক্স যথাসময়ে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (সংযুক্ত) /আইসিটি কর্মকর্তা
২.৪	বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৭.১ ক্রমিকের আওতায় পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩০.০৯.২০২০ তারিখের মধ্যে প্রনয়নের লক্ষ্যমাত্রা ছিল, যা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ক্রয় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ক্রয় পরিকল্পনা পুনরায় হালনাগাদ করা প্রয়োজন, যা ৩১ ডিসেম্বরের মধ্যে হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	প্রণয়নকৃত ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন এবং হালনাগাদ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক্রয় কর্মকর্তা

২.৫	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ৪.৫ ক্রমিকের আওতায় স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ এবং ৮.১ ক্রমিকের আওতায় স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা রয়েছে। সেপ্রেক্ষিতে ১৬.০৮.২০২০ তারিখে উপপরিচালক জনাব মোঃ মামুনুর রশীদকে আহ্বায়ক এবং সহকারী পরিচালক (ভূ-রসায়ন) কে সদস্য সচিব করে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। সভাপতি উক্ত কমিটিকে পুনরায় হালনাগাদ করে প্রতিবেদন জমা দেওয়ার **নির্দেশনা প্রদান করেন**।	নির্ধারিত সময়ের মধ্যে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদকরণ এবং স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন/হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কমিটি
২.৬	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর ৮.২ ক্রমিকের আওতায় শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি ডিসেম্বর/২০২০ এর দ্বিতীয় সপ্তাহে অফিস পরিদর্শন করবেন বলে অভিমত ব্যক্ত করেন।	দ্বিতীয় সপ্তাহে মহাপরিচালক মহোদয় কর্তৃক বিএমডির অফিস পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো।

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩.৩৪২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক (সকল),........................., বিএমডি, ঢাকা।
২) সহকারি (সকল), ... বিএমডি, ঢাকা।
৩) অফিস, কপি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)